ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*********

স- ১৭৯৯
বিলোনীয়া, ১৮ জুলাই, ২০২৫

**জল জীবন মিশন ২.০**

**বকাফা ব্লকের ৮১.৫৮ শতাংশ বাড়ীতে পানীয়জলের সংযোগ দেওয়া হয়েছে**

জল জীবন মিশন ২.০ প্রকল্পে পানীয় জল ও স্বাস্থ্য বিধান দপ্তর থেকে পাইপ লাইনের মাধ্যমে বাড়ি বাড়ি বিশুদ্ধ পানীয়জল সরবরাহের কাজ চলছে। এ প্রকল্পে চলতি অর্থ বছরের এখন পর্যন্ত বকাফা ব্লকে ৩৯ টি বাড়িতে পানীয় জলের সংযোগ দেওয়া হয়েছে। এই ব্লক এলাকায় মোট ১৪ হাজার ৪৬১টি বাড়ি রয়েছে। এখনো পর্যন্ত মোট ১১ হাজার ৭৯৭টি বাড়িতে পানীয় জলের সংযোগ দেওয়া হয়েছে। শতকরা হার ৮১.৫৮ শতাংশ। অবশিষ্ট বাড়িগুলিতে ক্রমান্বয়ে সংযোগ প্রদান করা হবে। বিলোনীয়াস্থিত পানীয়জল ও স্বাস্থ্যবিধান দপ্তরের নির্বাহীবাস্তুকারের কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****